



ইরানের ইউরেনিয়াম নিয়ন্ত্রণে নিতে পারে যুক্তরাষ্ট্র: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, চাইলে যুক্তরাষ্ট্র যেকোনো সময় ইরানের মজুত করা সমৃদ্ধ ইউরেনিয়াম নিজেদের নিয়ন্ত্রণে নিতে পারে। তবে এখনই এমন কোনো পদক্ষেপ নেওয়ার প্রয়োজন নেই বলেও মন্তব্য করেছেন তিনি। বৃহস্পতিবার হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় এ মন্তব্য করেন ট্রাম্প।

তিনি বলেন, ইরানের পারমাণবিক উপাদানগুলো ভূগর্ভে সংরক্ষণ করা হলেও সেগুলোর ওপর যুক্তরাষ্ট্রের নজরদারি রয়েছে। ট্রাম্পের দাবি, আমেরিকা চাইলে খুব সহজেই ওই ইউরেনিয়াম নিজেদের নিয়ন্ত্রণে নিতে পারবে এবং ইরান তা ঠেকাতে সক্ষম হবে না। সম্প্রতি ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে সম্ভাব্য একটি সমঝোতার আভাস দিচ্ছিল ওয়াশিংটন। তবে এবার ট্রাম্পের বক্তব্যে ভিন্ন সুর দেখা গেছে। তিনি ইঙ্গিত দিয়েছেন, ইউরেনিয়াম ইস্যুতে কোনো চুক্তি ছাড়াও যুক্তরাষ্ট্র প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এর মাধ্যমে তেহরানের ওপর নতুন চাপ সৃষ্টি করতে চাইছে ওয়াশিংটন।

ইরানের সঙ্গে চলমান আলোচনা নিয়ে স্পষ্ট কিছু না বললেও ট্রাম্প জানান, যেকোনো চুক্তির প্রধান শর্ত হবে ইরানকে পারমাণবিক অস্ত্র কর্মসূচি থেকে সরে আসতে হবে। পাশাপাশি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়টিও গুরুত্ব পাবে বলে জানান তিনি।

মধ্যপ্রাচ্যের পরিস্থিতি নিয়েও কথা বলেন ট্রাম্প। তিনি জানান, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর সঙ্গে শান্তি ইস্যুতে আলোচনা হয়েছে। এছাড়া ইরানের শীর্ষ নেতা মোজতবা খামেনির সঙ্গে সম্ভাব্য বৈঠক নিয়েও ইতিবাচক মনোভাব প্রকাশ করেন মার্কিন প্রেসিডেন্ট।